

## জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৬ হাবিবুর রহমান ভূঞা বাড্ডা থানার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত

ঢাকা জেলার বাড্ডা থানায় অবস্থিত কলেজগুলোর মধ্যে বেরাইদের একেএম রহমত উল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজ শ্রেষ্ঠ কলেজ এবং কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান ভূঞা শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন। মূলত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশাসনিক দক্ষতা, পেশাগত প্রশিক্ষণ আইসিটি দক্ষতাসহ বিভিন্ন দিক বিবেচনা করে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৬ উপলক্ষে তাকে শ্রেষ্ঠ অধ্যক্ষ হিসেবে নির্বাচিত করা হয়। গত ১২ মে ২০১৬ বাড্ডা থানা শিক্ষা অফিসার আনুষ্ঠানিক ভাবে তার এই নাম ঘোষণা করেন। অধ্যক্ষ হাবিবুর রহমান ভূঞা দীর্ঘ দিন যাবৎ অধ্যাপনার সঙ্গে জড়িত এবং অত্যন্ত দায়িত্বশীলতার সঙ্গে শিক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করে আসছেন। তিনি গাজীপুর জেলার কাপাসিয়া থানার টোক ইউনিয়নের পাঁচুয়া গ্রামে জন্ম গ্রহণ করেন। তার এই সফলতার জন্য কলেজের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারি এবং ছাত্রছাত্রী অভিনন্দন জানিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি

